দৈনিক ইনকিলাব

তারিখ 07 DEC 1992
পৃষ্ঠা ৫ কলাম ৬

22

## শিক্ষাঙ্গন

### মাদ্রাসা বোর্ড সমীপে

গত জুলাই-আগস্টে মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীন আলিম, ফাজিল ও কামিল পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে ইতোমধ্যে ফলাফল প্রকাশিত হওয়ার পথে। দিন যতই ঘনিয়ে আসছে ছাত্র-ছাত্রীদের মাঝে ফলাফল জানার আগ্রহ ততই বৃদ্ধি পাচ্ছে। কিন্তু অত্যন্ত পরিতাপের বিষয় হল ফল প্রকাশের দশ/বার দিন পরও অধিকাংশ ছাত্র-ছাত্রী জানতে পারে না তাদের ভাগ্যে কি ঘটল। কারণ পত্রিকান্তরে উপরোল্লিখিত পরীক্ষায় অংশগ্রহণকারীদের রোল নম্বর প্রকাশ করা হয় না। ঢাকা ও তার পার্শ্ববর্তী জেলাসমূহের ছাত্ররা ছুটে আসে বোর্ডে কিন্তু সেখানে এসেও বিমুখ হয়। কিছু অসাধু ব্যক্তি, অরক্ষিতভাবে দেয়ালে টানানো কাগজগুলো মুহূর্তেই ছিঁড়ে ফেলে। তাই মাদ্রাসা বোর্ড কর্তৃপক্ষ সমীপে আমাদের আকুল আবেদন, এখন থেকে প্রতি বছর আলিম, ফাজিল ও কামিল পরীক্ষায় উত্তীর্ণদের রোল নম্বর পত্রিকায় প্রকাশের ব্যবস্থা করে এক বৃহত্তর জনগোষ্ঠীকে আর্থিক ক্ষতি ও অযথা হয়রানির হাত থেকে রক্ষা করুন।

—মুঃ জহিরুল ইসলাম।